গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি সিটি কলেজ
ওয়েব: www.rgcc.ac.bd, ই-মেইল: prin2388@yahoo.com, EIIN : 126489
ফোন: ০২৫৮৮৮৫০৩৮৮, ফ্যাক্স : ০৭২১৮১২৬৩২

তারিখ: ১৯/০১/২০২৩

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে চূড়ান্ত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাজশাহী সরকারি সিটি কলেজে একাদশ শ্রেণিতে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী কলেজের নিজস্ব ওয়েবসাইটে (www.rgcc.ac.bd) প্রবেশ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়সূচির মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে ভর্তি নীতিমালা অনুসারে শিক্ষার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। এছাড়া শিক্ষার্থী প্রকৃত তথ্য গোপন, অসত্য তথ্য প্রদান কিংবা অসঙ্গতিপূর্ণ তথ্য প্রদান করলে তার মনোনয়ন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**বি.দ্র.ঃ কোটায় মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থীকে এই বিজ্ঞপ্তির পরবর্তী অংশের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র ভর্তি কমিটির নিকট প্রদর্শনপূর্বক পাসওয়ার্ড সংগ্রহ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

ভর্তি প্রক্রিয়া ঃ

শিক্ষার্থীকে রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী এর নির্ধারিত ওয়েবসাইট (www.rgcc.ac.bd) গিয়ে HSC Admission Link এ ক্লিক করলে একটি রোল চাইবে, এক্ষেত্রে SSC রোল প্রদান করলে একটি তথ্য ফরম আসবে, তা যথাযথভাবে পূরণ করে Submit করলে একটি Ref.ID ও Password পাওয়া যাবে। এরপর Login Button এ ক্লিক করে Ref.ID ও Password দিয়ে Login করলে Payment Information পাওয়া যাবে এই Payment Information এ উল্লেখিত টাকা DBBL এর মোবাইল একাউন্ট/Rocket এর মাধ্যমে প্রদান করতে হবে। এরপর Login Page টি Refresh করে Confirmation Slip ও Admission Form Downlond করে প্রিন্ট করতে হবে।
উল্লেখ্য, আবেদন ফরমে বিষয় সঠিকভাবে লিখতে হবে। বিষয়/বিষয়সমূহ ভুল লেখার কারণে রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতা হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

| ক্রমিক নং | শাখা/ গ্রুপ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | বিজ্ঞান শাখা | ৩০৩৫/- |
| ০২ | মানবিক শাখা | ২৮৬০/- |
| ০৩ | ব্যবসায় শিক্ষা শাখা | ২৮৩৫/- |

## রকেটের মাধ্যমে টাকা প্রদান পদ্ধতি:

ক. মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যেতে হবে।
খ. **‘1’ (One)** সিলেক্ট করতে হবে।
গ. নিজ অ্যাকাউন্ট থেকে হলে **‘1’ (One)** নং **self** সিলেক্ট করুন। অন্য অ্যাকাউন্ট থেকে হলে **‘2’** নং **others** সিলেক্ট করুন এবং **Payer's mobile number** দিন (শিক্ষার্থীর মোবাইল নং)।
ঘ. **‘0’ (Zero)** নং **others** সিলেক্ট করতে হবে।
ঙ. রাজশাহী সরকারি সিটি কলেজের **Biller ID ‘2363’** টাইপ করতে হবে।
চ. **Bill No.** এর ঘরে এসএসসি’র রোল টাইপ করতে হবে।
ছ. নির্ধারিত টাকার পরিমাণ লিখতে হবে (আইসিটি সার্ভিস চার্জ সহ)
বিজ্ঞান শাখা- (৩০০০ + ৩৫) = ৩০৩৫/-
মানবিক শাখা-(২৮২৫ + ৩৫) = ২৮৬০/-
ব্যবসায় শিক্ষা শাখা-(২৮০০ + ৩৫) = ২৮৩৫/-
জ. একাউন্ট হোল্ডারের চার সংখ্যার পিন টাইপ করতে হবে।
ঝ. **OK** অথবা **Send** বাটন ক্লিক করলে একটি **Trx. ID** পাওয়া যাবে।
( **Trx. ID** ভবিষ্যতের জন্য সংরক্ষণ করতে হবে। )

## <u>ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের তালিকাঃ</u>

ভর্তির জন্য বিবেচ্য শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র শিক্ষামন্ত্রণালয় ও শিক্ষাবোর্ডের নির্দেশনা মোতাবেক ২২/০১/২০২৩ থেকে ২৬/০১/২০২৩ তারিখের মধ্যে সকাল ১০.০০ থেকে ১.০০ পর্যন্ত কলেজের ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে:

১. ভর্তি ফরম ২ কপি **(১ কপি স্ট্যাপলিং না করে আলাদা ভাবে জমা দিয়ে ভর্তি কমিটির স্বাক্ষর নিয়ে নিজের কাছে সংরক্ষণ করতে হবে যেটি প্রথম দিনে কলেজে প্রবেশের জন্য হাতে রাখতে হবে।)**
২. টাকা জমার রশিদ ১ কপি।
৩. অঙ্গীকারনামা ০১ কপি।
৪. পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ২ কপি।
**(ছবির পেছনে নাম ও রোল নং লিখে আইডি কার্ডের জন্য পূরণকৃত ফরমের সাথে স্ট্যাপলার দিয়ে সংযুক্ত করতে হবে।**
৫. আইডি কার্ডের জন্য পূরণকৃত ফরম। (ফরমটি কলেজের গেটের সামনের ফটোকপির দোকানগুলো থেকে সংগ্রহ করা যাবে।)
৬. এসএসসি'র মূল প্রশংসাপত্র।
৭. এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র (লেমিনেটিং ছাড়া)। **নম্বরপত্রের উল্টাপাশে কাঠপেন্সিল দিয়ে বিভাগ (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা), শিক্ষাবর্ষ, শ্রেণিরোল নং (ভর্তির সময় ওয়েবসাইট থেকে প্রাপ্ত) লিখে ফরমের সাথে জমা দিতে হবে।**
৮. কোটায় ভর্তির ক্ষেত্রে বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি।

## <u>২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে মুক্তিযোদ্ধা (FQ) কোটা এবং শিক্ষামন্ত্রণালয়ের কোটায় সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির বিজ্ঞপ্তি</u>

রাজশাহী সরকারি সিটি কলেজের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেনিতে ( বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) মুক্তিযোদ্ধা (FQ) কোটা এবং শিক্ষামন্ত্রণালয়ের কোটায় সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ভর্তির যাবতীয় কার্যক্রম আগামী ২২/০১/২০২৩ তারিখ থেকে ২৬/০১/২০২৩ তারিখ সকাল ১০.০০ থেকে বেলা ১.০০ পর্যন্ত চলবে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে **উপরে উল্লেখিত কাগজপত্র ছাড়াও** নিম্নবর্ণিত কাগজপত্র সঙ্গে নিয়ে শিক্ষক মিলনায়তন কক্ষে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে।

<u>মুক্তিযোদ্ধা (FQ) কোটায় ভর্তির ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র</u>

১. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সাময়িক সনদপত্র (মুল কপি ও ফটোকপি)
২. জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সাথে শিক্ষার্থীর সম্পর্ক সম্পর্কীত প্রত্যয়নপত্র (মূল ও ফটোকপি)
৩. মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি
৪. শিক্ষার্থীর দাদা মুক্তিযোদ্ধা হলে পিতার অথবা নানা মুক্তিযোদ্ধা হলে মাতার NID এর ফটোকপি

<u>শিক্ষামন্ত্রণালয়ের কোটায় ভর্তির ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র</u>
১. শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র।

**(বি:দ্রঃ ক্লাস শুরুর তারিখ ০১ ফেব্রুয়ারি ২০২৩ বুধবার। কলেজে প্রবেশের জন্য ভর্তি ফরম এবং পে-স্লিপের ফটোকপি সাথে নিয়ে আসতে হবে এবং শিক্ষার্থীদেরকে অবশ্যই ক্লাস শুরুর দিন হতে কলেজ ইউনিফর্ম পরিধার করে আসতে হবে।)**

প্রতি স্বাক্ষর
19.01.23
অধ্যক্ষ
রাজশাহী সরকারি সিটি কলেজ
রাজশাহী

19.01.2023
আহ্বায়ক
একাদশ ভর্তি কমিটি শিক্ষাবর্ষ ২০২২-২০২৩
রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী।